



জনাব আব্দুল ওয়াদুদ সাহেবের সাথে

স্বপ্ন মানুষকে অনেক দূর নিয়ে যেতে পারে।

" মানুষের মন জয় করি, নিজের মতো করে,
মানব সেবায় পূণ্য কামাই ইবাদত মলে করে,
জনসেবায় কাটাই সময় সারা জনম ভরে,
লোকের মনে গড়ব আসন সেবা যত্ন করে।"



আজ যাহাকে নিয়ে লিখছি তিনি বিশিষ্ট সমাজসেবক জনাব আব্দুল ওয়াদুদ সাহেব, একজন পরিষ্কন্ন মনের মানুষ, সিলেট জেলার গোলাপগঞ্জ থানার বহর গ্রাম নিবাসী এবং মুফজিল আলী ফ্রি মেডিকেল সেন্টার এর প্রতিষ্ঠাতা ও ব্যবস্থাপনা পরিচালক। তিনি সৎ সঙ্গ দেখেছিলেন বলে বাস্তবে তাঁর সফল রূপান্তর করেছেন নিজ জন্ম ভূমিতে।

মাটি ও মানুষের টানে ২০০৯ থেকে আর্ডমানবতার লক্ষে গরীব দুঃখীদেরকে সেবা দিয়ে যাচ্ছেন এবং মেডিকেল সেন্টার কে নতুন ভাবে উন্নত মানের সেবা প্রদান করার প্রকল্প হাতে নিয়েছেন।

আজ এই প্রতিষ্ঠানটি দীর্ঘ নয় বছর অতিক্রম করে দশম বর্ষে পদার্পণ করল, আমি তাঁহাদের দশম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে সংশ্লিষ্ট সবাইকে অন্তরের অন্তস্থল থেকে আন্তরিক অভিনন্দন জানাই।

মুফজিল আলী ফ্রি মেডিকেল সেন্টার এমন একটি প্রতিষ্ঠান যা একমাত্র আর্ডমানবতার সেবায় নিয়োজিত। জনাব আব্দুল ওয়াদুদ সাহেব নিঃস্বার্থভাবে নিজ গ্রাম সহ পান্থবতী গ্রামের অসহায় দারিদ্র মানুষদের চিকিৎসা সেবা ও অন্যান্য সেবা সমূহ দিয়ে যাচ্ছেন।

মানুষ মানুষের জন্য জীবন জীবনের জন্য এরকম মহতী উদ্যোগ নিয়ে যদি আমাদের সমাজের প্রতিষ্ঠিত ব্যক্তির এগিয়ে আসতেন, তাহলে অসহায়, দরিদ্র, সামর্থহীন মানুষেরা চিকিৎসার অভাবে কষ্ট পেতনা, তাছাড়া প্রচুর ধন-সম্পদের মালিক হয়েও স্বাস্থ্য ভালো না থাকলে সুখী হওয়া যায় না, জীবনের সব চেয়ে বড়ো নেয়ামত হল সুস্থতা। সুস্থ্যের নিশ্চয়তার জন্য চাই উন্নত চিকিৎসা ব্যবস্থা, আর তারই একটি আদর্শ উদাহরণ মুফজিল আলী ফ্রি মেডিকেল সেন্টার।

চিকিৎসা শাস্ত্র নতুন নতুন আবিষ্কারের মধ্য দিয়ে বিজ্ঞান মানুষকে দিয়েছে সুস্থ্যের নিশ্চয়তা। Health is Wealth' অর্থাৎ স্বাস্থ্যই সম্পদ। বিজ্ঞানের আর্শিবাদ আধুনিক চিকিৎসা ব্যবস্থা চরম উৎকর্ষের দিকে এগিয়ে গেছে। চিকিৎসা ক্ষেত্রে বিজ্ঞানের বিস্ময়কর অগ্রগতি ক্রমাগত মানুষের জীবনযাত্রার মান বাড়িয়ে দিচ্ছে। চিকিৎসা ক্ষেত্রে বিজ্ঞানের বিস্ময়কর অবদান। তার প্রতি মানুষের কৃতজ্ঞতার শেষ নেই। মহান আল্লাহ পাক মানুষকে বিজ্ঞানের জ্ঞান দ্বারা রোগ মুক্তির সুযোগ করে দিয়েছেন, সেই সৃষ্টিকর্তা দয়ালু মহান আল্লাহর প্রতি অশেষ শুকরিয়া আদায় করি, আলহামদুলিল্লাহ।

যারা দেশে বিদেশে শত ব্যস্ততার মাঝে প্রতিনিয়ত গরিব দুঃখীদের সাথে সুসম্পর্ক রাখেন তাঁরাইতো সত্যিকারের একজন ভালো মানুষ। তাদের মধ্যে জনাব আব্দুল ওয়াদুদ সাহেব অন্যতম, তিনি মানুষকে ভালোবেসে উন্নত মানের চিকিৎসা দিয়ে সম্পূর্ণ বিনামূল্যে মেডিকেল সেন্টার চালিয়ে যাচ্ছেন নিজ গ্রামে। সত্যিই উনি একজন মহৎ প্রাণ ব্যক্তি, আমি জনাব আব্দুল ওয়াদুদ সাহেব কে আমার অন্তরের অন্তস্থল থেকে জানাই আন্তরিক অভিনন্দন, উনার এই মহৎ কাজের সাফল্য ও তাঁহার দীর্ঘ জীবন কামনা করি।

" স্বপ্ন সবাই দেখি যারা সৎ সঙ্গ দেখেন ও বাস্তবায়ন করে প্রমাণ করেন, তাঁরাই তো প্রকৃত ভাল মানুষ, আমাদের সমাজে এমনও মানুষ আছেন যারা চাইলে অনেক কিছু করার ক্ষমতা রাখেন। আসুন আমরা অসহায় ও দারিদ্র মানুষ গুলোর জন্য যথা সাধ্য কিছু করার চেষ্টা করি যে যে ভাবে পারি। সমাজে যথেষ্ট ভাল মানুষ যারা মানুষের সেবায় নিয়োজিত, তাদের প্রতি আমরা অত্যন্ত কৃতজ্ঞ।"

" প্রবাসীরা কি চায়? শুধু একটু ভালোবাসা।

প্রবাসীরা হাজার হাজার মাইল দূর থেকেও প্রতিনিয়ত দেশের সাথে সুসম্পর্ক রাখে শুধু নাড়ীর টানে, উজ্জ্বল হোক আমাদের দেশ ও দেশের মুখ ভাল থাকুক দেশের মানুষ, এই প্রত্যাশা রহিল।"

" স্বাস্থ্যই সকল সুখের মূল, একটা মাত্রই জীবন, যাহাই কিছু করিনা না কেন, প্রতিমূহর্ত নিজের প্রতি একটু যত্ন যেন রাখি, সুস্থ্য বজায় রেখে চলতে পারি, সবাই ভালো থাকুন সুস্থ ও নিরাপদে থাকুন।"

—শুভকামনাতে
ফয়জুর রহমান